গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৪১/২০১৭-১৮

ঢাকা, শনিবার, ৯ জুন ২০১৮, ২৬ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জি-৭ শীর্ষ সম্মেলনের অধিবেশনস্থল কুইবেকে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

২। বাজেট বাস্তবায়নযোগ্য : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী

৩। এবারের বাজেট জনবান্ধব : ভোলায় বাণিজ্যমন্ত্রী

৪। দেশে সকল ধর্মের মানুষ শান্তিতে বসবাস করছে : আন্তর্জাতিক বৌদ্ধ সম্মেলনে স্পিকার

৫। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনায় ১২ জুন থেকে ফেরি চালু : সড়ক পরিবহণমন্ত্রীর পরিদর্শন

৬। গত তিন বছরে দেশে কোনো নৌ দুর্ঘটনা ঘটেনি : ঘাট পরিদর্শনকালে নৌমন্ত্রী

৭। রোহিঙ্গা ইস্যুতে আইসিসি'র চিঠির জবাব দিয়েছে বাংলাদেশ

৮। আন্তর্জাতিক আর্কাইভ দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
জাতীয় আর্কাইভসে সংরক্ষিত হচ্ছে ৪ যুদ্ধাপরাধীর রায়

৯। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে পাট পণ্যের রফতানি প্রবৃদ্ধি ছয় দশমিক ৯৯ শতাংশ

চলমান পাতা-২

১। **জি-৭ শীর্ষ সম্মেলনের অধিবেশনস্থল কুইবেকে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৮ জুন শুক্রবার) স্থানীয় সময় দুপুর ২টায় কানাডার কুইবেকের আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছেছেন। এর আগে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গী দলের সদস্যদের বহনকারী আমিরাত এয়ারলাইন্সের একটি ফ্লাইট স্থানীয় সময় সকাল সাড়ে ৯টায় (বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৭টা) টরেন্টোর পিয়ারসন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। টরেন্টোয় বাংলাদেশের কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ এবং কানাডার আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পরিচালক ও অন্টারিও প্রদেশের চিফ অভ্ প্রটোকল জোনাথন সোভ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান।

প্রধানমন্ত্রী স্থানীয় সময় সন্ধ্যায় কুইবেকে জি-৭ শীর্ষ সম্মেলন ও আউটরিচ অধিবেশনে যোগ দিতে আসা রাষ্ট্র ও সরকার প্রধানদের সম্মানে কানাডার গভর্নর জেনারেলের দেওয়া এক নৈশভোজে অংশগ্রহণ করবেন। প্রধানমন্ত্রী আজ (৯ জুন শনিবার) লা মানোয়া রিশেলো হোটেলে জি-৭ আউটরিচ লিডার্স প্রোগ্রামে যোগ দেবেন। প্রধানমন্ত্রী আগামীকাল (১০ জুন রোববার) সকালে তাঁর অবস্থানস্থল হোটেল শাতো ফ্রন্তেনাতে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে বৈঠক করবেন। কুইবেক থেকে একইদিনে প্রধানমন্ত্রী টরেন্টো পৌঁছাবেন এবং সন্ধ্যায় হোটেল মেট্রোতে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় করবেন। আগামী ১১ জুন সোমবার তিনি হোটেল রিৎজ কার্লটনে মিয়ানমার বিষয়ক কানাডার বিশেষ দূত বব রি'র সঙ্গে বৈঠক করবেন। এ ছাড়া, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাচকাচিওয়ান প্রদেশের উপ-প্রধানমন্ত্রী এবং বাণিজ্য ও রফতানি উন্নয়ন মন্ত্রী গর্ডন উইয়ান্ট কিউ সি এবং সাচকাচিওয়ান প্রদেশের অভিবাসন ও ক্যারিয়ার প্রশিক্ষণ মন্ত্রী জেরেমি হ্যারিসন ও প্রদেশের ব্যবসায়ী নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করবেন। টরেন্টো ত্যাগের আগে প্রধানমন্ত্রী কমার্শিয়াল করপোরেশন অভ্ কানাডা এর প্রেসিডেন্ট ও সিইও মার্টিন জাবলোকির সঙ্গেও বৈঠক করবেন। প্রধানমন্ত্রীর আগামী ১২ জুন মঙ্গলবার দুবাই হয়ে দেশে ফেরার কথা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **বাজেট বাস্তবায়নযোগ্য : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী**

দরিদ্র অনাহারি থেকে বাংলাদেশ এখন উন্নত দেশে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেছেন, দেশে এখন কোনো অভাব নেই, মঙ্গা উজার হয়ে গেছে। বাংলাদেশ এখন বিশ্ববাসীর কাছে উন্নয়নের রোল মডেল। এটিই টানা দশটি বাজেটের বড় সাফল্য। এ বছর লক্ষ্যমাত্রা যা নির্ধারণ করা হয়েছে, তা বাস্তবায়নযোগ্য বলে মনে করেন তিনি। গতকাল (৮ জুন শুক্রবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রস্তাবিত ২০১৮-১৯ অর্থবছরের বাজেটোত্তর সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, দেশে কম বিনিয়োগ ও রাজস্ব আদায় সত্ত্বেও প্রবৃদ্ধি বাড়ছে। এটাও এই সরকারের কৃতিত্ব। সূত্র-**জনকণ্ঠ, সংবাদ, ইত্তেফাক, যুগান্তর, ফিনানশিয়াল এক্সপ্রেস, অবজারভার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **এবারের বাজেট জনবান্ধব : ভোলায় বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, এবারের বাজেটে ব্যবসায়ী থেকে শুরু করে নিম্নস্তরের মানুষ উপকৃত হবে এবং এটি একটি জনবান্ধব বাজেট, যা সকল মহলে প্রশংসিত হয়েছে। গতকাল (৮ জুন শুক্রবার) ভোলায় বিভিন্ন ইউনিয়নে ঈদ উপহার বিতরণকালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, এ বাজেটের মধ্যদিয়ে গ্রামীণ অর্থনীতির উন্নয়ন হবে, নদীভাঙা থেকে শুরু করে সকল কিছু এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতেই দারিদ্র্য বিমোচন হবে এবং ২০৩০ সালের মধ্যে দারিদ্র্যের সীমা ৩ শতাংশের মধ্যে নেমে আসবে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

৪। **দেশে সকল ধর্মের মানুষ শান্তিতে বসবাস করছে : আন্তর্জাতিক বৌদ্ধ সম্মেলনে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বর্তমান সরকারের আমলে দেশের সকল ধর্মের মানুষ শান্তিতে বসবাস করছে। গতকাল (৮ জুন শুক্রবার) সাভারের আশুলিয়ায় বোধিজ্ঞান ভাবনাকেন্দ্রে (বৌদ্ধ বিহারে) দু'দিনব্যাপী আন্তর্জাতিক বৌদ্ধ শান্তি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। স্পিকার বলেন,

ধর্ম যার যার, উৎসব সবার-এ মন্ত্রে দীক্ষিত হয়ে দেশের জনগণ সব ধর্মীয় উৎসব সাড়ম্বরে উদ্‌যাপন করে থাকে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৬), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

৫। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনায় ১২ জুন থেকে ফেরি চালু : সড়ক পরিবহণমন্ত্রীর পরিদর্শন

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মেঘনা সেতু এলাকায় যানজট কমাতে আগামী ১২ জুন মঙ্গলবার থেকে গাড়ি পারাপারে বিশেষ ফেরি চালু হবে। তিনি ডিসেম্বরের মধ্যে মহাসড়কে চার লেনের সেতু চালুর আশ্বাস দেন। মন্ত্রী গতকাল (৮ জুন শুক্রবার) বিশেষ ফেরি সার্ভিস চালুর প্রস্তুতি পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে আমরা আপৎকালীন কিছু সময়ের জন্য মেঘনা ও গোমতী নদীতে ফেরি সার্ভিস চালুর উদ্যোগ নিয়েছি। ফেরিগুলো ১৮টি গাড়ি ও ১০টির মতো ট্রাক বহন করতে পারবে বলে তিনি জানান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১৫,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৬ । গত তিন বছরে দেশে কোনো নৌ দুর্ঘটনা ঘটেনি : ঘাট পরিদর্শনকালে নৌমন্ত্রী

ঈদে যাত্রীদের বাড়ি ফেরা নিশ্চিত করতে লঞ্চ ও ফেরিঘাট পরিদর্শন করেছেন নৌমন্ত্রী শাজাহান খান। এ সময় তিনি বলেন, এ সরকার ক্ষমতায় আসার পর নৌ-দুর্ঘটনা কমিয়ে আনার চেষ্টা করা হয়েছে। গত তিন বছরে দেশে কোনো নৌ দুর্ঘটনা ঘটেনি। এবারও ঈদে প্রতিটি ঘাটে নৌ-পুলিশ, কোস্টগার্ড, বিআইডব্লিউটিএ এবং টিসিসহ প্রশাসনের কর্মকর্তা দিয়ে ঘাট নিয়ন্ত্রণ করা হবে, যাতে কোনো লঞ্চ অতিরিক্ত যাত্রী নিয়ে ঝুঁকিপূর্ণভাবে যেতে না পারে। গতকাল (৮ জুন শুক্রবার) ঈদ উপলক্ষে ভোলার ইলিশা ও ভেদুরিয়া ফেরিঘাট পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৫)।

৭। রোহিঙ্গা ইস্যুতে আইসিসি'র চিঠির জবাব দিয়েছে বাংলাদেশ

রোহিঙ্গা বিতাড়ন নিয়ে মিয়ানমারের বিরুদ্ধে মামলা পরিচালনা করা যায় কি না, সে বিষয়ে মতামত চেয়ে হেগের আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) পাঠানো চিঠির জবাব দিয়েছে বাংলাদেশ। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম গত ৭ জুন বৃহস্পতিবার বলেন, বাংলাদেশ যেহেতু রোম সংবিধিতে স্বাক্ষর করেছে, সেহেতু আইসিসি'র চিঠির জবাব দেওয়ার এক ধরনের বাধ্যবাধকতা বাংলাদেশের ছিল। আন্তর্জাতিক অপরাধ আদালত যেসব তথ্য চেয়েছে, আমরা কেবল সেগুলোই তাদের দিয়েছি। তবে তিনি বলেন, বাংলাদেশ এখনও মনে করে, মিয়ানমারের সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমেই এ সঙ্কটের সমাধান সম্ভব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৮। আন্তর্জাতিক আর্কাইভ দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী
জাতীয় আর্কাইভসে সংরক্ষিত হচ্ছে ৪ যুদ্ধাপরাধীর রায়

আজ (৯ জুন শনিবার) আন্তর্জাতিক আর্কাইভ দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'আর্কাইভস : গভর্নেন্স, মেমোরি, অ্যান্ড হেরিটেজ'। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে দেশের জাতীয় আর্কাইভস সম্পর্কে বলেন, সুশাসন, তথ্যভাণ্ডার ও ঐতিহ্যের ধারক হিসেবে ১৯৭২ সাল থেকে জাতীয় আর্কাইভস কাজ করে আসছে। জাতীয় আর্কাইভস আজ বাংলাদেশের শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যের প্রাণকেন্দ্রে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রী তাঁর বাণীতে জাতীয় আর্কাইভস খুব শীঘ্রই দক্ষিণ এশিয়ার অন্যতম সমৃদ্ধশালী কেন্দ্রীয় সংরক্ষণাগার হিসেবে আত্মপ্রকাশ করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত যুদ্ধাপরাধীদের বিচারের রায়সহ মামলার যাবতীয় নথিপত্র জাতীয় আর্কাইভসে সংরক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে আইনগতভাবে দণ্ড কার্যকর হওয়া যুদ্ধাপরাধীদের চারজনের রায়সহ মামলার যাবতীয় নথিপত্র আগামীকাল (১০ জুন রোববার) জাতীয় আর্কাইভসে সংরক্ষণের জন্য জমা দেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২)।

৯। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে পাট পণ্যের রফতানি প্রবৃদ্ধি ছয় দশমিক ৯৯ শতাংশ

চলতি অর্থবছরের জুলাই থেকে মে সময় পর্যন্ত ১১ মাসে পাট ও পাট পণ্যের রফতানির প্রবৃদ্ধি হয়েছে ছয় দশমিক ৯৯ শতাংশ। রফতানি উন্নয়ন ব্যুরোর সর্বশেষ তথ্যানুযায়ী এ তথ্য পাওয়া গেছে। তথ্যে বলা হয়েছে, পাট ও পাট পণ্যের রফতানি লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৯৫ কোটি ৩০ লাখ মার্কিন ডলার। বিপরীতে রফতানি হয়েছে ৯৬ কোটি ৬৯ লাখ মার্কিন ডলার, যা লক্ষ্যমাত্রার তুলনায় এক দশমিক ৪৫ শতাংশ বেশি। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৩)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, ইনকিলাব, ভোরের কাগজ, যুগান্তর, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি স্টার, নিউজ টুডে** : জাতীয় সংসদে ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট অর্থমন্ত্রী উত্থাপন করার কথা উল্লেখ করে বাজেটের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়েছে।

খ. **সংবাদ :** মুক্তিযোদ্ধাদের সঠিক ও নির্ভুল তালিকা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** দেশের বিভিন্ন দীঘি-নালা অবহেলা ও অনাদরে পড়ে থাকার পাশাপাশি দখল ও দূষণের শিকার হওয়ার কথা উল্লেখ করে বিপন্ন দীঘিগুলো সংস্কারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **অবজারভার :** দেশে বছরে দুই হাজার কোটি টাকার প্লাস্টিক পণ্য তৈরির কাঁচামাল আমদানি করা হয় যা দিয়ে কোটি কোটি প্লাস্টিক বোতল, পলিথিন ব্যাগ, প্লাস্টিক সামগ্রী তৈরি করা হয় উল্লেখ করে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকারক এসব প্লাস্টিক পণ্য সঠিকভাবে রিসাইক্লিং করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

#

খাদীজা/ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা